অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/1/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুয়েমো জর্জ ফ্লয়েড হত্যার প্রতিবাদে চলমান বিক্ষোভের মধ্যে আইনশৃঙ্খলা বলবতকারীদের দ্বারা শ্বাসরোধ হয়ে যায় এমনভাবে ধরার বিরুদ্ধে জাতীয় স্তরে নিষেধাজ্ঞার প্রস্তাব করেছেন

পজিটিভ রিফর্ম এজেন্ডাও (Positive Reform Agenda) অতিরিক্ত শক্তি প্রয়োগের উপর জাতীয় নিষেধাজ্ঞা অন্তর্ভুক্ত করেছে; পুলিশের নির্যাতনের স্বাধীন তদন্ত; তদন্তাধীন পুলিশ কর্মকর্তাদের শৃঙ্খলামূলক রেকর্ড প্রকাশ করা এগুলিও অন্তর্ভুক্ত করেছে

গভর্নর কুওমো: "আমি প্রথম দিন থেকে বলছি, আমি এই চরম অবমাননা ভাগ করে নিচ্ছি এবং বিক্ষোভকারীদের সঙ্গে দাঁড়িয়ে আছি। আপনি একজন নিরস্ত্র মানুষ, জনাব ফ্লয়েডের হত্যার সেই ভিডিওটি দেখুন, এটা ভয়ঙ্কর। ভয়ঙ্কর। এটা ভয়ানক। এই দেশ সম্পর্কে আপনি যা বিশ্বাস করেন তা সব কিছু বিকৃত করে। এটা তাই করে এবং এর কোনো অজুহাত নেই। কোনো সঠিক মানসিকতার আমেরিকান এর জন্য অজুহাত দেবেন না। তাই, প্রতিবাদ করুন, হ্যাঁ। হতাশা বোধ করুন, হ্যাঁ। চরম অবমাননা বোধ করুন, হ্যাঁ অবশ্যই। আরও বড় সমস্যা আছে কি? অবশ্যই।"

কুওমো: "আপনি সেই মুহূর্তটাকে কাজ করাতে চান। হ্যাঁ, আপনি ক্ষোভ প্রকাশ করেন। কিন্তু তারপর আপনি বলবেন, 'আমার কর্মসূচী হল এটা। আমি যা চাই, তা হল এই।' এই মুহূর্তে আমাদের সেটাই করতে হবে। এবং বিক্ষোভকারীরা তাদের বক্তব্য স্পষ্ট করছেন। এবং বেশির ভাগই এক বুদ্ধিদীপ্ত এবং বিচক্ষণ বক্তব্য রাখছেন। কিন্তু আপনাকে যে ইতিবাচক সংস্কারের এজেন্ডা যোগ করতে হবে তা হল প্রতিটি কণ্ঠস্বর আহ্বান করে যাতে সরকার, রাজনীতিবিদরা জানেন কি করতে হবে। এবং এখানে ইতিবাচক সংস্কারের এক কর্মসূচী রয়েছে। পুলিশ আধিকারিকদের অতিরিক্ত শক্তি প্রয়োগের বিরুদ্ধে এক জাতীয় নিষেধাজ্ঞা থাকা উচিত। শ্বাসরোধ হয়ে যায় এমনভাবে ধরার বিরুদ্ধে এক জাতীয় নিষেধাজ্ঞা থাকা উচিত। সময়ের। পুলিশি নির্যাতনের স্বাধীন তদন্ত হওয়া উচিত।"

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ জর্জ ফ্লয়েড হত্যার প্রতিক্রিয়ায় রাষ্ট্র ও জাতি জুড়ে চলমান বিক্ষোভের মাঝে একটি ইতিবাচক সংস্কার কর্মসূচীর প্রস্তাব করেছেন। এই সংস্কারের কর্মসূচিতে আছে আইন বলবতকারী আধিকারিকদের অত্যধিক শক্তি শ্বাসরোধ করে এমনভাবে ধরার উপর জাতীয় নিষেধাজ্ঞা; পুলিশি নির্যাতনের স্বাধীন, বাহ্যিক এজেন্সির দ্বারা পরিচালিত তদন্ত - স্থানীয় কৌঁসুলিদের দ্বারা নয়; এবং তদন্তাধীন পুলিশ আধিকারিকের শৃঙ্খলা সংক্রান্ত রেকর্ডের প্রকাশ।

গভর্নরের বক্তব্যের **ভিডিও** ইউটিউবে দেখা যাবে এখানে এবং (h.264, mp4) ফরম্যাটে টিভির মানসম্পন্ন ভিডিও দেখা যাবে এখানে।

আজকের মন্তব্যের **অডিও** পাওয়া যাবে, এখানে।

গভর্নরের বক্তব্যের একটি দ্রুত সম্পাদিত ট্রান্সক্রিপ্ট নিচে উপলব্ধ:

আমরা নিউ ইয়র্ক সিটিতে এক সপ্তাহের মধ্যে পুনরায় খোলার বিষয়ে কথা বলছি। এখন আমরা বিগত বেশ কিছু রাত ধরে এই গণ-সমাবেশ দেখছি, যা আসলে COVID-19 এর বিস্তার আরো বাড়িয়ে দিতে পারে। আমরা এতদিন বন্ধ থেকেছি, তালাবন্ধ থেকেছি, মুখোশ পরে, সামাজিকভাবে দূরে থেকেছি, এবং তারপর আপনি TV চালু করলেন এবং দেখলেন মানুষের গণসমাবেশ যা সম্ভবত শত-শত মানুষকে হয়ত সংক্রমিত করছে। আমরা যা কিছু করেছি, তারপরে এই। আমাদের এক মিনিট কথা বলতে হবে এবং নিজেদের জিজ্ঞেস করতে হবে আমরা এখানে কি করছি? আমরা কি সম্পন্ন করতে চাইছি?

রাজ্য জুড়ে বিক্ষোভ হয়েছে যা গত রাতেও চলেছে, সেগুলি দেশ জুড়েও চলেছে। আপস্টেটে আমরা শহরগুলির সঙ্গে খুব ঘনিষ্ঠভাবে কাজ করেছি। রাজ্য পুলিশ দারুণ কাজ করেছে। আপস্টেট নিউ ইয়র্কে আমাদের মূলত কয়েকটি বিক্ষিপ্ত গ্রেফতারের ঘটনা ঘটেছে। কিন্তু স্থানীয় সরকারগুলো দারুণ কাজ করেছে, জনগণ দারুণ কাজ করেছে, আইন বলবতকারীরা দারুণ কাজ করেছে। বিক্ষোভকারীরা দায়ী ছিল। আপস্টেটে অবস্থা খুব ভালো ছিল না, কিন্তু খুব খারাপও ছিল না।

আমি প্রথম দিন থেকে বলেছি, আমি এই চরম অবমাননা ভাগ করে নিচ্ছি এবং আমি বিক্ষোভকারীদের সঙ্গে দাঁড়িয়ে আছি। আপনি একজন নিরস্ত্র মানুষ, জনাব ফ্লয়েডের হত্যার সেই ভিডিওটি দেখুন, এটা ভয়ঙ্কর। ভয়ঙ্কর। এটা ভয়ানক। এই দেশ সম্পর্কে আপনি যা বিশ্বাস করেন তা সব কিছু বিকৃত করে। এটা তাই করে এবং এর কোনো অজুহাত নেই। কোনো সঠিক মানসিকতার আমেরিকান এর জন্য অজুহাত দেবেন না। তাই, প্রতিবাদ করুন, হ্যাঁ। হতাশা বোধ করুন, হ্যাঁ। চরম অবমাননা বোধ করুন, হ্যাঁ অবশ্যই। আরও বড় সমস্যা আছে কি? অবশ্যই। এটা শুধু মিঃ ফ্লয়েড নয়, এটা আরো অনেকখানি পিছিয়ে যায় - ঠিক মি: ফ্লয়েডের মত আরো 50টি ঘটনা আছে। আমরা নিউ ইয়র্ক সিটিতে সেগুলি দেখেছি। মিঃ ফ্লয়েড আর আমাডোউ ডিয়ালোর মধ্যে পার্থক্য কি? অথবা অ্যাবনার লোউমিয়া? অথবা এরিক গার্নার? তফাত কী? আমরা কি শিখেছি? কিছু শিখেছি কি?

অতএব, হ্যাঁ, আমাদের ক্ষোভ থাকা উচিত। এবং হ্যাঁ, আরও বড় একটা বিষয় আমাদের স্পষ্ট করতে হবে। তা হল পুলিশের নির্যাতন। কিন্তু তার থেকেও খারাপ কিছু আছে। তা হল বর্ণবিদ্বেষ। এটা হল বৈষম্য। এটা মৌলিক বৈষম্য ও অবিচার। আমার বাবা 1984 সালে এ নিয়ে কথা বলেছিলেন। বক্তৃতাটির নাম ছিল "দুই শহরের গল্প"। মানুষ এখনও তার কথা বলেন। দুই শহরের গল্পের মূল বিষয় হল দুটি আমেরিকার আছে। দুটি সেট নিয়ম আছে। দুই সেট ফলাফল আছে। দুই

সেট প্রত্যাশা আছে। এটা সত্যি। এটা তখন সত্যি ছিল, এটা এখনও সত্যি। আমাদের কারাগারের দিকে তাকান এবং আমাকে বলুন যে সমাজে অন্তর্নিহিত অন্যায়ের উপস্থিতি নেই। সরকারি আবাসনে দেখুন, বলুন সেখানে কোন অন্তর্নিহিত অন্যায় নেই।

দেশব্যাপী এই COVID সংক্রমণের হার নিয়ে কি ঘটেছে তা দেখুন। বেশি আফ্রিকান আমেরিকানরা আক্রান্ত, আরো বেশি আফ্রিকান আমেরিকানরা মারা গেছেন। অবশ্যই, দীর্ঘস্থায়ী প্রাতিষ্ঠানিক বৈষম্য উপস্থিত আছে। কোন সন্দেহ নেই। কোন সন্দেহ নেই। এবং এটা নিয়ে কোনো সন্দেহ নেই যে অনেক দিন ধরে এটা চলছে এবং মানুষ হতাশ, এবং এর সংশোধন করতে হবে এবং তা এখনই করতে হবে। এবং কোনো সন্দেহ নেই, এই জাতি, তা সে যতই মহান হোক না কেন, অব্যাহত বৈষম্যের গুনাহ তার আছে। জাতি গঠন হওয়ার আগে থেকে, এবং তা শুরু হয় দাসত্ব দিয়ে। বহু দশক জুড়ে এর মুখ বদলে থাকলেও, গুনাহ কিন্তু এখনো একই। সত্য হল সেটাই। সত্য হল সেটাই। তাহলে এই মুহূর্তটাকে আমরা পরিবর্তনের মুহূর্ত হিসেবে ব্যবহার করি? হ্যাঁ।

পরিবর্তন কখন আসে? যখন নক্ষত্রগুলো সারিবদ্ধ হয়ে যায়, এবং সমাজ মনোযোগ দেয় ও মানুষ দৃষ্টি নিবন্ধ করে এবং তারা এমন এক মাত্রায় মনোনিবেশ করে, যাতে রাজনীতিবিদরা জনগণকে অনুসরণ করে। তখনই পরিবর্তন আসে। "নেতারা নেতৃত্ব দেয়!" বাজে কথা। জনগণ নেতৃত্ব দেয়। আর তখন রাজনীতবিদরা মানুষকে এগিয়ে যেতে দেখে এবং তারা জনগণের কাছে পৌঁছাবার জন্য দৌড়ায়। লেসবিয়ান, গে, বাইসেক্সুয়াল, ট্রান্সজেন্ডার, কুইয়ার (LGBTQ) সম্প্রদায়কে নতুন নাগরিক অধিকার দিয়ে কীভাবে আমরা এই রাজ্যে বিবাহ সমতা পাশ করেছিলাম? কারণ জনগণ বলেছিল, "যথেষ্ট হয়েছে। আপনারা এটা কীভাবে বলতে পারেন যে শুধু উভকামী মানুষরা বিয়ে করতে পারেন, কিন্তু LGBTQ মানুষ — তাঁরা বিয়ে করতে পারবেন না? এটি সাংবিধানিক কিভাবে? সেটা কিভাবে আইনি?" আপনার নিজস্ব পছন্দ আছে — ঈশ্বর আপনার মঙ্গল করুন। কিন্তু আইনে কীভাবে আপনি দুটি শ্রেণির মানুষের মধ্যে ভেদাভেদ করতে পারেন। আমরা বিবাহের সমতা পাস করেছি।

স্যান্ডি হুক গণহত্যার পর, এতগুলি বছর পর আমরা কমন সেন্স বন্দুক নিরাপত্তার আইন পাশ করার চেষ্টা করেছি। হরিণ মারার জন্য সত্যিই কি আপনার অস্ত্রের প্রয়োজন? কিন্তু তারপর স্যান্ডি হুক গণহত্যা ঘটল, এবং জনগণ বলল, "যথেষ্ট। আপনি শিশুদের হত্যা করছেন? নিগ্রহের অস্ত্র নিয়ে স্কুলে অল্পবয়সী ছেলেমেয়েরা? স্যান্ডি হুক গণহত্যায়। যথেষ্ট।" এবং সেই মুহূর্তে আমরা নিউ ইয়র্ক রাজ্যে সাধারণ বুদ্ধির বন্দুক নিরাপত্তার আইন পাশ করলাম। আয়ের বৈষম্য রেকর্ড করবেন? লোকে বলল, "যথেষ্ট হয়েছে" এবং এই রাজ্যে একটি সত্যিকারের ন্যূনতম মজুরী পাস করা হল যা সমস্ত দেশ জুড়ে ছড়িয়ে গেছে। পরিবর্তনের জন্য একটি সময় আছে, এবং এখানে কি সেই সময় হয়েছে? হ্যাঁ। যদি আমরা গঠনমূলক হই এবং যদি আমরা বুদ্ধিমান হই, আর যদি আমরা জেনে থাকি যে আমরা কি চাইছিলাম! বাইরে এসে বলাই যথেষ্ট নয় যে, "আমি ক্রুদ্ধ, আমি হতাশ।" ঠিক আছে। আর কি? “আমি জানি না, কিন্তু আমি ক্রুদ্ধ ও হতাশ।"

আর তুমি কি করতে চাও? উত্তরটা আপনার দরকার। "আচ্ছা, আমি কমন সেন্স বন্দুকের সংস্কার চাই।" ঠিক আছে, কি মনে হচ্ছে? এই যে — তিন বিষয় আছে। "আমি আয়ের বৈষম্যের সুরাহা

চাই।" আচ্ছা, তুমি কি চাও? আমি যা চাই, তা হল এই।" সর্বনিম্ন মজুরি 15 মার্কিন ডলার করা। বিনামূল্যে কলেজ টিউশন।" আপনি কি চান?

আপনি সেই মুহূর্তকে কাজ করাতেচান। হ্যাঁ, আপনি ক্ষোভ প্রকাশ করেন! কিন্তু তারপর আপনি বলবেন, "এই আমার কর্মসূচী। আমি যা চাই, তা হল এই।" এই মুহূর্তে আমাদের সেটাই করতে হবে। এবং বিক্ষোভকারীরা তাদের বক্তব্য স্পষ্ট করছেন। এবং বেশির ভাগই এক বুদ্ধিদীপ্ত এবং বিচক্ষণ বক্তব্য রাখছেন। কিন্তু আপনাকে যে ইতিবাচক সংস্কারের এজেন্ডা যোগ করতে হবে তা হল প্রতিটি কন্ঠস্বর আহ্বান করে যাতে সরকার, রাজনীতিবিদরা জানেন কি করতে হবে। এবং এখানে ইতিবাচক সংস্কারের এক কর্মসূচী রয়েছে। পুলিশ আধিকারিকদের অতিরিক্ত শক্তি প্রয়োগের বিরুদ্ধে এক জাতীয় নিষেধাজ্ঞা থাকা উচিত। শ্বাসরোধ হয়ে যায় এমনভাবে ধরার বিরুদ্ধে এক জাতীয় নিষেধাজ্ঞা থাকা উচিত। সময়ের। পুলিশি নির্যাতনের স্বাধীনভাবে তদন্ত হওয়া উচিত। যখন আপনার স্থানীয় ডিস্ট্রিক্ট অ্যাটর্নি তদন্ত করছেন — আমি পরোয়া করি না তারা কতটা ভাল — তখন স্বার্থের সংঘাতের সম্ভাবনা থেকেই যায়। কেন? কারণ সেই ডিস্ট্রিক্ট অ্যাটর্নি (DA) প্রতিদিন সেই পুলিশ বিভাগের সঙ্গে কাজ করেন এবং এখন সেই অভিশংসক সেই পুলিশ বিভাগের তদন্ত করতে যাচ্ছেন, যাদের সাথে তাঁরা প্রতিদিন কাজ করেন? স্বার্থের সংঘাত বাস্তব বা অনুভূত হতে পারে। কীভাবে মানুষ বিশ্বাস করতে পারে যে স্থানীয় অভিশংসক যেই পুলিশ বিভাগের সঙ্গে কাজ করে তাদের তদন্ত সুষ্ঠু ভাবে করবেন? এটা প্রতিটি রাজ্যের জন্য আলাদা হয়া উচিত না। মিনেসোটার গভর্নর ওয়ালজ অ্যাটর্নি জেনারেলকে এই দায়িত্ব দেন। ভালো। এই রাজ্যে, আমি অ্যাটর্নি জেনারেলকে সেই সব তদন্তের দায়িত্বে রেখেছি যেখানে পুলিশ একজন নিরস্ত্র ব্যক্তিকে হত্যা করে। ভালো। কিন্তু এটা ব্যতিক্রম হওয়া উচিত নয়। এটা নিয়ম হওয়া উচিত। স্ব-শৃঙ্খলায়ন বলে কিছু নেই। একটি অভিযোগ আছে, স্বাধীনভাবে তদন্ত হবে। মানুষকে সান্ত্বনা দিন যে তদন্তটি আসল।

যদি একজন পুলিশ কর্মকর্তার বিরুদ্ধে তদন্ত করা হয়, তা হলে সেখানে শৃঙ্খলা রেকর্ডগুলি প্রাসঙ্গিক নয় কীভাবে? যখন একজন পুলিশ কর্মকর্তার বিরুদ্ধে তদন্ত করা হচ্ছে, যদি তাদের শৃঙ্খলা রেকর্ডগুলি থাকে যা একটি পুনরাবৃত্তি প্যাটার্ন দেখায়, কীভাবে সেটা প্রাসঙ্গিক নয়? তবে, সেই শৃঙ্খলা রেকর্ডগুলি স্খালন করার জন্যও ব্যবহার করা যেতে পারে। যদি তাদের শৃঙ্খলা রেকর্ডগুলি দেখায় তিনি আগে কখনো এরকম কিছু করেননি, তাহলে ঠিক আছে। সেটাও প্রাসঙ্গিক।

এই দেশে এখনও আমাদের দুটি শিক্ষা ব্যবস্থা রয়েছে। সবাই এটা জানে। আপনার জিপ কোড দ্বারা আপনার শিক্ষা ঠিক করা হয়। দরিদ্র সম্প্রদায়ের দরিদ্র স্কুলগুলি এই রাজ্যের ধনী স্কুলগুলির তুলনায় ভিন্ন স্তরের অর্থায়ন লাভ করে। প্রতি বছর আমরা একটি সমৃদ্ধ জেলায় 36,000 মার্কিন ডলার ব্যয় করি। গরিব জেলায় 13,000 মার্কিন ডলার। কীভাবে সেটার ন্যায্যতা প্রতিপাদন করবেন? যেখানে বাস্তবে, দরিদ্র সম্প্রদায়ের শিশুদের একটি স্কুলে আরও বেশি পরিষেবা প্রয়োজন হয়, কম নয়। কীভাবে সেটার ন্যায্যতা প্রতিপাদন করবেন? করতে পারবেন না। এর জন্য কিছু করুন। এখনও এই দেশে দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী শিশুরা আছে? যাই হোক, যখন আমাদের প্রয়োজন হয়েছে, COVID ভাইরাস সামলানোর জন্য আমরা ট্রিলিয়ন ডলার খুঁজে পেয়েছি, কিন্তু দারিদ্রের মধ্যে বাস করা শিশুদের সাহায্য করার জন্য আপনি তহবিল খুঁজে পাচ্ছেন না? না, আপনারা এটা খুঁজে পেতে পারেন, মার্কিন যুক্তরাষ্ট্র। শুধু আপনারা চান না। এটা রাজনৈতিক ইচ্ছা।

যখন টাকা খোঁজার দরকার হবে, তখনই আপনারা খুঁজে পাবেন। সত্যি কথা বলতে, কেন্দ্রীয় সরকারের কাছে তাদের বেসমেন্টে একটি প্রিন্টিং প্রেস রয়েছে। তাদের যখন রাজনৈতিক প্রয়োজন হয়, তখন তারা সেই টাকা খুঁজে পান।

কেন্দ্রীয় সরকারের আবাসন ব্যবসা উঠে যায় এবং তারা কখনও তাতে পুনঃপ্রবেশ করেনি। আমরা এক জাতীয় সাশ্রয়ী আবাসন সংকটে রয়েছি। সেটা অবশ্যই রয়েছে। আপনি সাশ্রয়ী মূল্যের আবাসনে অর্থায়ন করেন না। আমি প্রাক্তন আবাসন ও নগর উন্নয়ন বিভাগ (Department of Housing and Urban Development, HUD) এর সেক্রেটারি। কেন্দ্রীয় সরকার ৪ নম্বর ধারা দিয়ে এবং নতুন সরকারি আবাসন গড়ে তোলার মাধ্যমে সাশ্রয়ী মূল্যের আবাসন ক্ষেত্রে যা করত, তা আমি সবার চেয়ে ভাল জানি। আর আমরাও থেমে গেলাম, বাজারের উপর ছেড়ে দিলাম। এখন আপনার কাছে সাশ্রয়ী মূল্যের আবাসন পরিকল্পনা আছে। এটাই আমাদের এই মূহূর্তে সম্বোধন করা উচিত। এবং আমাদের কেন্দ্রীয় কর্মকর্তাদের উদ্দেশ্যে আমাদের বলা উচিত, "এ বছর একটা নির্বাচন হবে, কয়েক মাস পরেই। এটা হল আমার কর্মসূচী। আপনি কোথায় দাড়িয়ে?" কংগ্রেসকে, হাউজ ও সেনেটকে বলুন, "এই বিষয়ে আপনাদের বিল কোথায়?"

আমি কিছু কংগ্রেস সম্পর্কিত মানুষকে কথা বলতে শুনলাম, যে হয়তো তারা একটা সঙ্কল্পগ্রহণ করবেন। হ্যাঁ, সঙ্কল্পগ্রহণ করা ভাল। সঙ্কল্পগ্রহণ তত্ত্বে বলে আমি এটা সমর্থন করি। একটি আইন পাস করুন, সেটাই আমরা চাই। একটি আইন যা আসলে বাস্তবতা পরিবর্তন করে, যেখানে আসলে কিছু ঘটে। সেটাই সরকারের কাজ, বাস্তবে পরিবর্তন আনা। পরিবর্তন করুন। আপনি পরিবর্তন করার ক্ষমতায় আছেন। পরিবর্তন করুন। এই মুহূর্তটা ব্যবহার করুন জনসমর্থন উদ্দীপিত করতে। সেই ক্ষোভ কাজে লাগান আসলে পরিবর্তন করতে। এবং আপনি আসলে কী পরিবর্তন চান সেটা বলার বুদ্ধি রাখুন। তা না হলে, এটি কেবল হাওয়ায় চিৎকার করা হবে, যদি আপনি না জানেন ঠিক কী কী পরিবর্তন আমাদের করতে হবে।

আর এই মূহূর্তে আমাদের বুদ্ধিমান হতে হবে। এসব বিক্ষোভগুলিতে সহিংসতা ন্যায়পরায়ণতাকে ম্লান করে দেয়। যারা পরিস্থিতির অপব্যবহার করছে, লুটপাট করছে, তারা বিক্ষোভ করছেন না। এটা ন্যায়পরায়ণ ধিক্কার নয়। এটা অপরাধবৃত্তি এবং এটা সেই মানুষের এবং শক্তিগুলির পক্ষে কাজ করে যারা এই পরিবর্তনগুলি করতে চান না কারণ তাহলে তাদের পুরো প্রচেষ্টা বাতিল হয়ে যাবে। আমি আপনাদের বলব তারা কি বলবেন। এই ঘটনা যখন ঘটে তখন প্রেসিডেন্ট প্রথমে যা বলেছিলেন ওরা তাই বলবে। তারা বলবেন "এরা লুন্ঠনকারী"। মনে আছে যখন প্রেসিডেন্ট সেই জ্বালাময়ী টুইট করেছিলেন? "আমরা গুলি চালানো শুরু করব ওরা লুঠ করা শুরু করলে নাকি ওরা লুঠ করা শুরু করবে আর আমরা গুলি চালাতে শুরু করব?" এটা 60 দশকের একটি পুরোন ডাক। হানাহানি, লুটপাট, অপরাধবৃত্তি ঠিক সেই সব মানুষের পক্ষে কাজ করে যারা প্রগতিশীল পরিবর্তন চান না। এবং আপনি আমার কথা মিলিয়ে নেবেন, তারা আজ বলতে যাচ্ছে, "ওহ! দেখছেন, ওরা অপরাধী। ওরা লুন্ঠনকারী। আপনি কি দেখলেন ওরা কি করল, দোকানের জানলা ভেঙে ঢুকল আর চুরি করল?" আর তারা এই পুরো প্রতিবাদ আন্দোলনকে অপরাধের রং দেবে এবং তাদের সবাইকে লুন্ঠনকারী তৈরি করবে। ওরা সেটাই করতে চলেছে। কেন? তারা মিঃ ফ্লয়েডের মৃত্যু সম্পর্কে কথা বলতে চান না। তারা চায় না মানুষ ওই ভিডিওটি দেখে। তারা চান মানুষ ওই

লুটপাটের ভিডিওটি দেখে। আর মানুষ যখন লুটপাটের ভিডিও দেখবেন, তখন তারা বলবেন "ওহ হ্যাঁ, ওটা ভয়ঙ্কর। ওরা অপরাধী।" না, সেই ভিডিওটি দেখুন যেখানে সেই পুলিস অফিসার মিঃ ফ্লয়েডকে হত্যা করছেন। আমরা চাই মানুষ সেই ভিডিওটি দেখুন।

এখন তো আর আমার বিশ্বাসই হচ্ছে না যে এটা বিক্ষোভকারীরা। আমি বিশ্বাস করি এমন কিছু মানুষ আছেন যারা এই মুহূর্তটি ব্যবহার করে নিজেদের উদ্দেশ্যে প্রতিবাদটা ব্যবহার করছেন। এমন মানুষ আছেন যাঁরা নৈরাজ্যের বীজ বপন করতে চান, যাঁরা বিপর্যস্ত করতে চান। যাই হোক, চুরি করতে চায় এমন মানুষও আছেন। আর এখানে এমন এক মুহূর্ত আছে যা চুরি করার জন্য ব্যবহার করতে পারে। আপনি বিশৃঙ্খলা ছড়াতে এই মুহূর্তটা কাজে লাগাতে পারেন। আমি স্থানীয় সব কর্মকর্তাদের কাছ থেকে একই কথা শুনি। তাদের সম্প্রদায়ের এমন লোকজন আছে যারা সেখানে উদ্ধৃতি প্রতিবাদ উদ্ধৃতি করার জন্য আছেন। তারা তাদের সম্প্রদায় থেকে নন। তারা জানেন না তারা কোথা থেকে এসেছেন, চরমপন্থী দল, কিছু মানুষ বামপন্থীদের দোষারোপ করবেন, কিছু মানুষ ডানপন্থিদের দোষ দেবেন। এটার রাজনীতিকরণ করা হবে। কিন্তু এতে কোন সন্দেহ নেই যে বাইরের কিছু দল আছে যারা পরিস্থিতি বিপর্যস্ত করতে আসে। কোন সন্দেহ নেই, এমন মানুষ আছেন, যাঁরা শুধু এই মুহূর্তটা চুরি করার জন্য ব্যবহার করেন। কি, এটা কাকতালীয় ঘটনা যে তারা একটি রোলেক্স ঘড়ির কোম্পানিতে ভেঙে ঢুকে পড়ল? সেটা কাকতালীয় ছিল? হাই এন্ড স্টোরগুলি, যেমন শ্যানেল। সেটা কাকতালীয় ছিল? সেটা একটা যত্রতত্র কাজ ছিল? সেটা যত্রতত্র কাজ ছিল না। তাহলে কি একটি বৈধ প্রতিবাদ আন্দোলন ছিনতাই করে নেওয়া যায়? হ্যাঁ, আপনি তা করতে পারেন। হ্যাঁ, আপনি তা করতে পারেন। এবং সেখানে এমন কিছু মানুষ এবং শক্তি আছেন যারা সেই মুহূর্তটার সুবিধা নেবেন এবং আমার বিশ্বাস সেটাই হচ্ছে।

কিন্তু তাও আমাদের বুদ্ধিমান হতে হবে। এবং একই সময়ে, আমাদের একটি মৌলিক বিষয় আছে যা হল আমরা সবে 93 দিন কাটিয়েছি আচরণ সীমিত করে, সব কিছু বন্ধ করে, কোন স্কুল, কোন ব্যবসা না চালিয়েএবং কয়েক হাজার ছোট ব্যবসা ধ্বংস করে দিয়ে। মানুষ তাদের কাজ হারিয়ে ফেলবে। মানুষ তাদের সঞ্চয় শেষ করে ফেলবে। এবং এখন কয়েক হাজার মানুষের নিকট সান্নিদ্ধে গণ সমাবেশ হচ্ছে নিউ ইয়র্ক সিটি পুনরায় খোলার এক সপ্তাহ আগে? এর কী কোন অর্থ হয়? বিস্তার নিয়ন্ত্রণ করুন, বিস্তার নিয়ন্ত্রণ করুন, বিস্তার নিয়ন্ত্রণ করুন। আমরা এমনকি ওই গণসমাবেশের COVID ভাইরাস সংক্রান্ত পরিণতি সম্পর্কে জানি না। আমরা এমন কি জানিও না। আমরা হয়তো কয়েক সপ্তাহ ধরে জান্তেও পারবো না। ভাইরাসটির এটাই স্বভাব। সেই ভিড়ের মধ্যে কতজন সুপার স্প্রেডার ছিলেন? "ওরা বেশির ভাগই তরুণ ছিল।" কতজন তরুণ-তরুণী বাড়ি গিয়ে তাঁদের মাকে চুমু খেয়ে হ্যালো বলেছেন বা বাবার সঙ্গে করমর্দন করেছেন বা তাঁদের বাবা বা দাদা বা ভাই বা তাঁদের মা বা তাঁদের বোনকে জড়িয়ে ধরেছেন এবং ভাইরাসটি ছড়িয়ে দিয়েছেন?

আগামী সপ্তাহে নিউইয়র্ক সিটি খুলছে। এখানে পৌঁছতে আমাদের 93 দিন সময় লেগেছে। এটা কি বুদ্ধিমানের কাজ হয়েছে? নিউ ইয়র্ক হল অদম্য। আমরা অত্যন্ত খারাপ অবস্থা থেকে আবার খোলার পরিস্থিতি অবধি পৌঁচেছে। সবচেয়ে খারাপ অবস্থা থেকে 50 দিনে 54টি মৃত্যু। 93 দিনে আমরা খারাপ অবস্থা থেকে আবার খোলার পরিস্থিতি পর্যন্ত গেছি। আমরা তা করতে পেরেছি কারণ আমরা নিউ ইয়র্কের অদম্য মানুষ। অদম্য নিউ ইয়র্ক ছিল বুদ্ধিমান। আমরা বুদ্ধিমানের মত কাজ

করেছিলাম। আমরা 93 দিন ধরে বুদ্ধিমান ছিলাম। আমরা ঐক্যবদ্ধ ছিলাম, আমরা একে অপরের প্রতি শ্রদ্ধাশীল ছিলাম। আমরা শৃঙ্খলাপরায়ণ ছিলাম। মুখোশ পরা শুধু অনুশাসনের ব্যাপার, এটা শুধুই অনুশাসন। সেটা পরার কথা মনে রাখবেন, এটা তুলে নেওয়ার কথা মনে রাখবেন, কারো সাথে দেখা করার সময় পরে দেওয়ার কথা মনে রাখবেন, এটা শুধুই অনুশাসন।

এটা ভালোবাসা সম্পর্কেও। আমরা একে অন্যকে ভালবাসি বলেই এটা করেছি। একেই বলে সম্প্রদায়। আমরা একে অন্যকে ভালোবাসি। এবং হ্যাঁ, আপনি নিউ ইয়র্কেই প্রেম করতে পারেন। এমনকী নিউ ইয়র্কের অদম্যতা সহ, এমনকী নিউ ইয়র্কের উচ্চারণ সহ, এমনকী নিউ ইয়র্কের হাঁটাচলা সহ। আমরা প্রেমপূর্ণ। আমরা সেটাই 93 দিন ধরে করেছি এমনভাবে, যা আমরা আগে কখনও করিনি। আমার জীবদ্দশায় কখনও নয়। আমার জীবদ্দশায় কখনও এই শহর আর এই রাজ্য এমনভাবে একত্র হয়নি যেমনভাবে আমরা হয়েছি। আমার মনে হয় না এরকম আবার হবে, আমার জীবদ্দশায়। এখন আপনি বলতে পারেন হয়তো এর জন্য একটি বৈশ্বিক মহামারির প্রয়োজন ছিল। আমি জানি না যে এটা সত্যি কিনা এবং আমি জানি না এই একত্রিত হওয়ার শক্তি কেমন ছিল, তা হয়ত রমন সুন্দর নয় যে মানুষ আবার তা করতে চাইবেন।

মনে রাখবেন যখন আমরা সবাই করোনাভাইরাসের সময় একসাথে কাজ করেছিলাম এবং আমরা ঘুরে দাঁড়িয়েছিলাম এবং আমরা করোনাভাইরাসকে তার পিছনে ধাক্কা দিয়েছিলাম। মনে আছে যখন আমরা সবাই মুখোশ পরতাম এবং আমাদের সাথে হ্যান্ড স্যানিটাইজার রাখতে হত? আমরা কি করেছি মনে আছে? বাহ। আমরা একত্র হলে আমরা সব কিছু করতে পারি এবং সেটাই সত্যি। এটা রাজ্যের জন্য সত্য, এটা একটা জাতির জন্য সত্য। যখন আপনি একত্রিত হবেন এবং আপনার একটি এজেন্ডা থাকবে, তখন আপনি সব কিছু করতে পারবেন। আপনি সমাজ বদলাতে চান, আপনি দুই শহরের কাহিনী শেষ করতে চান, আপনি এটিকে একটি আমেরিকা বানাতে চান? আপনি তা করতে পারেন, ঠিক যেভাবে আপনি করোনাভাইরাসের পশ্চাদদেশে ধাক্কা দিয়েছেন।

ঐক্যবদ্ধ মানুষ সব কিছু করতে পারে। আমরা সেটা দেখিয়েছি, আমরা সবে সেটা করে দেখিয়েছি গত 93 দিন। আমরা অবিচার ও বৈষম্য ও অসহিষ্ণুতা ও পুলিশি নির্যাতনের অবসান ঘটাতে পারি। আমাদের বুদ্ধিমান হতে হবে। আমাদের এখনই বুদ্ধিমান হতে হবে। এই মুহূর্তে এই রাজ্যে। এই শহরে আজ রাতে আমাদের বুদ্ধিমান হতে হবে কারণ এটি একটি সংস্কারের কর্মসূচীকে এগিয়ে নিয়ে যাচ্ছে না। এটি সরকারি কর্মকর্তাদের বদলানোর জন্য প্ররোচিত করছে না। এটি করোনাভাইরাস শেষ করতে সাহায্য করছে না। আমাদের বুদ্ধিমান হতে হবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন